



বড়দিনে খ্রিস্টান নেতাদের সঙ্গে প্রধান উপদেষ্টার শুভেচ্ছা বিনিময়



সংগৃহীত ছবি

বড়দিন উপলক্ষ্যে খ্রিস্টান সম্প্রদায়ের নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। এ সময় তিনি সুষ্ঠু সমাজ, শান্তিপূর্ণ নির্বাচন ও গণভোটে ধর্মীয় নেতাদের সহযোগিতা কামনা করেন।

বুধবার (২৪ ডিসেম্বর) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় বড়দিন উপলক্ষ্যে খ্রিস্টান সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস। অনুষ্ঠানে ধর্মীয় নেতারা তার আন্তর্জাতিক সুনাম এবং দেশের অর্থনীতি ও সামগ্রিক স্থিতিশীলতায় তার ভূমিকার প্রশংসা করেন। তারা প্রধান উপদেষ্টার নেতৃত্বে আগামী নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

ক্যাথলিক খ্রিস্টানদের প্রধান ধর্মগুরু আর্চবিশপ বিজয় এন ডি'ক্রুজ বলেন, যিশু খ্রিস্টের ক্ষমা ও মানবসেবার আদর্শ বিশ্বজুড়ে মানুষের মধ্যে শান্তি ও ঐক্যের বার্তা ছড়িয়ে দিচ্ছে। তিনি জুলাই গণঅভ্যুত্থানের পর দেশ পুনর্গঠনে প্রধান উপদেষ্টার দায়িত্বশীল ভূমিকার কথাও উল্লেখ করেন।

প্রধান উপদেষ্টা বড়দিন ও আসন্ন নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, একটি সুস্থ ও ন্যায্যভিত্তিক সমাজ গড়তে সরকার কাজ করছে। সে লক্ষ্যেই জুলাই সনদ প্রণয়ন করা হয়েছে, যা গণভোটের মাধ্যমে জনগণের মতামতের ভিত্তিতে কার্যকর হবে। তিনি জানান, আসন্ন নির্বাচনের সঙ্গে গণভোটও অনুষ্ঠিত হবে এবং জনগণের রায়ের আলোকে সংস্কার কার্যক্রম এগিয়ে নেওয়া হবে।

এ সময় নির্বাচন ও গণভোট বিষয়ে জনসচেতনতা বাড়াতে ধর্মীয় নেতাদের ভূমিকা রাখার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের মাধ্যমে চার্চগুলোর জন্য অনুদান দেওয়ায় অন্তর্বর্তী সরকারকে ধন্যবাদ জানান ট্রাস্টের নেতারা। পরে খ্রিস্টান সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে নিয়ে বড়দিনের কেক কাটেন প্রধান উপদেষ্টা।